গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ফাবা-১ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.erd.gov.bd

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৯.০০.০০০০.০০০.২০৩.১৪.০০৩২.২৫.১১৭

**পরিপত্র**

বিষয়: **বৈদেশিক অর্থায়ন সংশ্লিষ্ট প্রকল্পের ঋণচুক্তি স্বাক্ষরের পূর্বে মন্ত্রণালয়/বিভাগসমূহের জন্য পূরণীয় শর্তাদি।**

বৈদেশিক অর্থায়ন সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন, সময় বিচারে অর্থমান (Time Value of Money) নিশ্চিতকরণ এবং অতিরিক্ত ব্যয় পরিহারের লক্ষ্যে ঋণচুক্তি স্বাক্ষরের পূর্বে আবশ্যিকভাবে নিম্নোক্ত শর্তাদি প্রতিপালন করতে হবে :

ক) পরিকল্পনা কমিশনের স্তরবিন্যাস অনুযায়ী প্রকল্পের ডিপিপি/টিএপিপি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন;
খ) প্রকল্প পরিচালকসহ প্রয়োজনীয় জনবল নিয়োগ;
গ) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ বা তার অধীন সংস্থা কর্তৃক প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ সম্পন্ন;
ঘ) প্রকল্পের ভূমি অধিগ্রহণের কারণে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন পরিকল্পনা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল;
ঙ) পণ্য/পূর্ত/সেবা কাজের ব্যয় প্রাক্কলন এবং দরপত্র দলিল (Bidding Documents)-এর খসড়া প্রস্তুতকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে পণ্য/পূর্ত/সেবা কাজের দরপত্র প্রক্রিয়াকরণ থেকে শুরু করে কন্ট্রাক্ট অ্যাওয়ার্ড (Contract Award) প্রদানের পূর্ব পর্যন্ত যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন;
চ) উন্নয়ন সহযোগী এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মধ্যে নেগোশিয়েটেড ঋণচুক্তির অনুবৃত্তিক্রমে প্রযোজ্য ক্ষেত্রে স্বাক্ষরিতব্য সাবসিডিয়ারি ঋণচুক্তি (Subsidiary Loan Agreement - SLA) -এর শর্তসমূহের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ; এবং
ছ) বাস্তবায়নাধীন প্রকল্পের ভৌত নির্মাণ কাজের সঙ্গে সম্পৃক্ত পরিষেবা স্থানান্তরের বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার মধ্যে সুস্পষ্ট ও সময়াবদ্ধ সমঝোতা সম্পন্ন।

২। বর্ণিত শর্তাদি প্রতিপালনে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীন সংস্থাসমূহ পিডিপিপি প্রণয়ন পর্যায় থেকে সক্রিয় ভূমিকা পালন করবে।

৩। এ পরিপত্রের শর্তাদি প্রক্রিয়াধীন এবং পাইপলাইনভুক্ত সকল পর্যায়ের প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২৭-০৭-২০২৫
সৈয়দ আশরাফুজ্জামান
যুগ্মসচিব
৫৮১৫১২৩৪
wingchief09@erd.gov.bd

**বিতরণ :**
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও ঢাকা।
৩। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল , কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর দপ্তর, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়।
৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৬। উপপরিচালক (উপসচিব), বিজি প্রেস, , তেজগাঁও, ঢাকা-১২০৮ [ পরিপত্রটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ]।

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা [ পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২৭-০৭-২০২৫
জিনাত রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)